ইত্তেফাক

৩।১।৮০
পৃষ্ঠা ৩ ৫

# আরও কয়েকটি খাল পুনঃখনন কাজের উদ্বোধন

ছাগলনাইয়া হইতে বাসস জানায়, উপ-প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমদ গত ২৭শে ডিসেম্বর বড়মাসী মধুছড়া ও সেলুনিয়া খাল পুনঃখননের কাজ উদ্বোধন করেন। স্বেচ্ছাভিত্তিতে প্রায় ৫০ হাজার লোক খাল কাটার কাজে অংশ গ্রহণ করিতেছেন।

সরকারী তথ্য বিবরণীতে বলা হয় যে, গত ২৭শে ডিসেম্বর ৬ মাইল দীর্ঘ শেরিসকাট খাল পুনঃ খননের কাজ উদ্বোধন করা হয়। জেলা প্রশাসক খনন কাজের উদ্বোধন করেন। এখানে এক হাজার একর জমি চাষাবাদের আওতায় আসিবে।

অপর এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয় যে, উপ-প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমদ গত ২৭শে ডিসেম্বর বেগমগঞ্জ থানার কুতুবপুর, রসুলপুর খাল পুনঃখনন কাজের উদ্বোধন করেন। ঐ খালটির খননকাজ সম্পূর্ণ হইলে প্রায় দুই হাজার একর জমি সেচ সুবিধার আওতায় আসিবে।